

## ইন্টারনেট সেবা প্রদানের নীতিমালা

- ১। গ্রন্থাগারের সকল পাঠক বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণের সুবিধা পাবেন। তবে সেবা গ্রহণের পূর্বশর্ত হিসেবে প্রত্যেক ব্যবহারকারীকে নির্ধারিত ফরম পূরণ করে গ্রন্থাগারের সদস্য হিসেবে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
- ২। প্রত্যেক সদস্যকে পূরণকৃত ফরমের সাথে জামানত হিসেবে ফেরতযোগ্য নগদ ২০০/= টাকা কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে। ইন্টারনেট ব্যবহারকালীন সময়ে কোন ধরনের ক্ষতিপূরণ কিংবা প্রিন্ট সংগ্রহ বাবদ ব্যবহারকারীকে গ্রন্থাগারের পাওনা পরিশোধ করতে ব্যর্থ হলে উক্ত পাওনা জামানতের অর্থ হতে কর্তন করা হবে। পরবর্তীতে ইন্টারনেট ব্যবহারের পূর্বে তাকে জামানতের অর্থ পুনরায় পরিশোধ করতে হবে।
- ৩। সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন লাইব্রেরি চলাকালীন সময় পর্যন্ত ইন্টারনেট সেবা প্রদান করা হবে।
- ৪। একজন ব্যবহারকারী সর্বোচ্চ ২০ (বিশ) মিনিট পর্যন্ত ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। ব্যবহারকারী কোনক্রমেই একাধিক ব্যক্তিকে পার্শ্বে রাখতে পারবেন না এবং ব্যবহারকালে পাঠ পরিবেশের বিঘ্ন ঘটানো যাবেনা।
- ৫। ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা একাধিক হলে এক ব্যক্তি প্রতিদিন একবার মাত্র ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন। ব্যবহারকারীর সংখ্যা কম হলে ব্যবহারকারীকে অতিরিক্ত সময় কিংবা একাধিকবার ইন্টারনেট ব্যবহারের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে মেনে নিতে হবে।
- ৬। শুধুমাত্র শিক্ষামূলক/ জরুরী প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কাজে গ্রন্থাগারের ইন্টারনেট ব্যবহার করা যাবে। কোনক্রমেই অশালীন/ অনাকাঙ্খিত তথ্য সংগ্রহ/ ব্রাউজিং করার কাজে গ্রন্থাগারের ইন্টারনেট ব্যবহার করা যাবে না।
- ৭। অশালীন/ আপত্তিকর কোন ওয়েবসাইট ব্যবহার/ তথ্য ব্রাউজিং করার জন্য ইন্টারনেট ব্যবহার করতে দেখা গেলে সংশ্লিষ্ট ব্যবহারকারীকে গ্রন্থাগারের যে কোন সুযোগ সুবিধা গ্রহণের উপর নিষেধাজ্ঞা প্রদান কিংবা যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন।
- ৮। ব্যবহারকারী কম্পিউটারে কোন ধরনের পেনড্রাইভ ব্যবহার করতে পারবেন না।
- ৯। কোন তথ্যের হার্ডকপি প্রয়োজন হলে কর্তৃপক্ষের নিকট লিখিত অনুমতি গ্রহণ সাপেক্ষে প্রতি পৃষ্ঠার জন্য ৫.০০ (পাঁচ) টাকা নগদ প্রদান করে প্রিন্ট নেওয়া যাবে।
- ১০। ইন্টারনেট ব্যবহারকালীন সময়ে কোন ধরনের ক্ষয়-ক্ষতি সাধিত হলে সেজন্য ব্যবহারকারী দায়ী থাকবেন এবং নিয়মানুযায়ী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ১১। প্রত্যেক ইন্টারনেট ব্যবহারকারী ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবেন।

১২। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ যেকোন সময় এই নীতিমালা পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করেন। ব্রাউজিং করতে পারেন কেবল মাত্র তাকেই ব্যবহার করতে দেয়া হবে।